# 75568 - যে নারী তার দায়িত্বে থাকা ওয়াক্ফের বাক্সটি হারিয়ে ফেলেছে; সে কি বাক্সটির ক্ষতিপূরণ বহন করবে?

## প্রশ্ন

ওয়াক্ফকৃত জিনিসে হস্তক্ষেপ করার হুকুম কী; যার ফলে অনিচ্ছাকৃতভাবে সে জিনিসটি হারিয়ে গেছে? ইউনিভার্সিটির মসজিদে দান সংগ্রহ করার জন্য একটি বাক্স রাখা হয়েছিল। যারা গরীবদের জন্য দান সংগ্রহ করার জন্য এটি ব্যবহার করতে চায় তাদের জন্য এটি ওয়াক্ফকৃত। ব্যবহারের পর বাক্সটি পুনরায় মসজিদে ফেরত দিতে হয়। আমি এ বাক্সটি যে উদ্দেশ্যে ওয়াক্ফ করা হয়েছে সে উদ্দেশ্যে ব্যবহার করেছি। এরপর বাক্সটি আমার থেকে হারিয়ে গেছে, সেটি আমি পাচ্ছি না। এখন আমার করণীয় কী? এ বাক্সটির ক্ষতিপূরণ দেওয়া কি আমার উপর আবশ্যক?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যদি এ বাক্সটি সংরক্ষণে আপনার কোন অবহেলা বা কসুর না ঘটার পরেও সেটি হারিয়ে যায় তাহলে এর ক্ষতিপূরণ দেওয়া আপনার উপর আবশ্যক হবে না। আর যদি এর সংরক্ষণে আপনার কসুর ঘটে তাহলে এ বাক্সটির ক্ষতিপূরণ এবং বাক্সে যদি অর্থ থেকে থাকে সে অর্থের ক্ষতিপূরণ দেওয়া আপনার উপর আবশ্যক। যেহেতু আপনি এ বাক্সটির আমানতদার ছিলেন। কোন আমানতদার যদি সীমালঙ্ঘন না করে বা কসুর না করে তাহলে সে ক্ষতিপূরণ বহন করবে না।

আল-মাওসুআ আল-ফিকহিয়্যা গ্রন্থে (২৮/২৫৮, ২৫৯) এসেছে:

প্রসিদ্ধ মতানুযায়ী (সম্পদের সাথে সংশ্লিষ্ট) হাত দুই প্রকার। আমানতের হাত ও দায়বহনের হাত।

আমানতের হাত**:** মালিক হিসেবে নয়; কারো প্রতিনিধি হিসেবে কোন জিনিস বা সম্পদ কারো হাতে থাকা। এর উদাহরণ হচ্ছে- গচ্ছিত সম্পদ সংরক্ষণকারী, ধারগ্রহণকারী, ভাড়াটিয়া, ব্যবসার পার্টনার, মুদারাবার পার্টনার, ওয়াকফ ও ওসিয়তের মুতাওয়াল্লি প্রমুখের হাত।

দায়বহনের হাত**:** মালিকানাসূত্রে বা সুবিধাভোগের সূত্রে যে সম্পদ কারো হাতে থাকে। এর উদাহরণ হচ্ছে- ক্রেতার হাত, দরাদরি করার জন্য গ্রহণকারীর হাত, বন্ধকগ্রহণকারীর হাত, আত্মসাৎকারীর হাত, মালিকের হাত এবং ঋণগ্রহণকারীর হাত।

আমানতরে হাতরে হুকুম: আমানত হসিবেে যে জনিসি কারো হাতে রয়ছে সে ব্যক্তরি পক্ষ থকেে যদি সীমালঙ্ঘন বা কসুর না ঘটে তাহলে সে ক্ষতপিূরণরে দায় বহন করবে না। যমেন: গচ্ছতি সম্পদ সংরক্ষণকারী।

দায়বহনরে হাতরে হুকুম: মালকিানাসূত্রে বা নজিে সুবধিাভোগরে সূত্রে যে জনিসি কারো হাতে থাকবে সর্বাবস্থায় সে এর ক্ষতপিূরণ বহন করব। এমনকি যদি কোনে আসমানী মুসবিতরে কারণওে সটেি ধ্বংস হয়ে যায় সক্ষেত্রেওে। কংিবা সে যদি জনিসিটি ফরেত দতিে অপারগ হয় সে ক্ষত্রেওে; যমেনভিাবে নষ্ট হয়ে গলেে বা নষ্ট করে ফলেলওে সে এর ক্ষতপিূরণ বহন করব।

অতএব, যে ব্যক্তি যা কছিুর মালকি সটো তার হাতে থাকাবস্থায় সে এর ক্ষতবিহনকারী। যদি সটো বচোবক্রিরি চুক্তরি ভত্তিতিে কংিবা অনুমতক্রিমে অন্যরে হাতে হস্তান্তরতি হয়; যমেন: ক্রয়রে উদ্দশ্যে দরাদরকারীর হাতে, কংিবা অনুমতি ছাড়াই হস্তান্তরতি হয়; যমেন: আত্মসাৎকারীর হাতে— সক্ষেত্রে সম্পদটি যার হাতে রয়ছে সইে এর ক্ষতবিহনকারী। অতএব, হাতওয়ালা ক্ষতপিূরণ বহন করব। আর যদি গচ্ছতি রাখা, ধার নওেয়ার চুক্তরি ভত্তিতিে হস্তান্তরতি হয় সক্ষেত্রে ক্ষতপিূরণরে দায় মালকিরে উপর।"[সমাপ্ত]

এই আলোচনার আলোকে: আপনি যহেতেু বাক্সটি যে উদ্দশ্যে ওয়াক্ফ করা হয়ছে সে উদ্দশ্যে ব্যবহার করছেনে এবং আপনার পক্ষ থকেে এর সংরক্ষণ ও যত্ম নয়োর ক্ষত্রে কোনে সীমালঙ্ঘন, কসুর কংিবা অবহলো ঘটনে তিাই আপনার উপর ক্ষতপিূরণ বহন করা আবশ্যক হবে না। যদি আপনি ক্ষতপিূরণ বহন করনে এবং অন্য একটি বাক্স নয়িে আসনে কংিবা এর চয়েে ভাল একটি বাক্স নয়িে আসনে তাহলে সটো আপনার জন্য ভাল এবং আপনার ব্যাপারে মানুষরে সমালোচনা ও সংশয় দূরকারী। যহেতেু সটেি একটি দানবাক্স; এটি কনিতে আপনার খুব বশেি খরচ হবে না এবং এর জন্য আপনি সওিয়াব পাবনে। তাই আপনার উপর আবশ্যক না হলওে অন্য একটি বাক্স দয়িে দয়োর চষ্টো করুন।

আল্লাহ্ই সর্বজ্ঞ।